# আল-কলম | Al-Qalam | ٱلْقَلَم

আয়াতঃ ৬৮ : ১৯

## আরবি মূল আয়াত:

فَطَافَ عَلَيهَا طَآئِفٌ مِّن رَّبِّكَ وَ هُم نَآئِمُونَ ﴿١٩﴾

## অনুবাদসমূহ:

অতঃপর তোমার রবের পক্ষ থেকে এক প্রদক্ষিণকারী (আগুন) বাগানের ওপর দিয়ে প্রদক্ষিণ করে গেল, আর তারা ছিল ঘুমন্ত। — আল-বায়ান

অতঃপর তোমার প্রতিপালকের পক্ষ থেকে বাগানে এক বিপদ এসে পড়ল যখন তারা ছিল নিদ্রিত। — তাইসিরুল

অতঃপর তোমার রবের নিকট হতে এক বিপর্যয় হানা দিল সেই উদ্যানে, যখন তারা ছিল নিদ্রিত। — মুজিবুর রহমান

So there came upon the garden an affliction from your Lord while they were asleep. — Sahih International

১৯. অতঃপর আপনার রবের কাছ থেকে এক বিপর্যয় হানা দিল সে উদ্যানে, যখন তারা ছিল ঘুমন্ত।

-

তাফসীরে জাকারিয়া

(১৯) অতঃপর সেই বাগানে তোমার প্রতিপালকের নিকট হতে এক বিপর্যয় হানা দিল, যখন তারা ঘুমিয়ে ছিল। [1]

[1] কেউ কেউ বলেন, বাগানে রাতারাতিই আগুন লেগে গিয়েছিল। আর কেউ বলেন, জিবরীল (আঃ) এসে বাগানটিকে ধূলিসাৎ করে দিয়েছিলেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5290

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন